Cosmo School

Class: চতুর্থ
Subject: বাংলা ১ম

Prepared by: আফরোজা তাসনিম (নিপা)
Topic: কাজলা দিদি

কাজলা দিদি

লেকচার -১ (১৯.৫.২০)

'কাজলা দিদি' কবিতাটি লিখেছেন কবি যতীন্দ্রমোহন বাগচী। তিনি কবিতা রচনা ছাড়াও পত্রিকা সম্পাদনা করতেন। 'কাজলা দিদি' কবিতাটি কাব্যমালঞ্চ কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে। পল্লিপ্রীতি তাঁর কবিতার প্রধান বৈশিষ্ট্য।

জন্মসাল: ১৮৭৮ সালের ২৭ নভেম্বর

জন্মস্থান: নদীয়া জেলা।

সম্পাদিত পত্রিকা: মানসী ও পূর্বাচল

উল্লেখযোগ্য গ্রন্থ: লেখা, কেয়া, বন্ধুর দান ইত্যাদি।

মৃত্যুবরণ: ১৯৪৮ সালের ১লা ফেব্রুয়ারি।

##. প্রয়োজনীয় শব্দার্থঃ

প্রদত্ত শব্দ	শব্দার্থ
শোলক	ছড়া/ শ্লোক
জোনাই	জোনাকি পোকা
দিদি	বড় বোন
নেবু	লেবু
ভূঁইচাপা	মাটির উপর জন্মানো ছোট চাঁপা ফুল
মাড়াস নে	পা দিয়ে পিষে না যাওয়ার নির্দেশ

** শিক্ষার্থীরা কবিতাটি পাঠ্যবই থেকে ভালোভাবে মনোযোগ দিয়ে কয়েকবার পড়বেন এবং প্রতিটি লাইনের অর্থ বোঝার চেষ্টা করবেন ।

সারমর্মঃ এই কবিতায় মুলত তিনজন ব্যাক্তির সম্পর্কের ভালোবাসার অন্তর্নিহিত বিষয়টি ফুটে উঠেছে । তারা হলেন- একজন সন্তানহারা মা, যাঁর অন্তরের চাঁপা কান্না, মৃত কাজলা দিদি এবং তার অবুঝ ছোট বোনের হারানো দিদিকে খুঁজে পাওয়ার ব্যাকুলতা ।

ছোট বোনটির সারাক্ষণের সাথি ছিল তার কাজলা দিদি । দিদি চিরদিনের জন্য তাদের ছেড়ে চলে গেছে না ফেরার দেশে । সেটি এই ছোট বোনটি জানে না, বোঝে না । প্রতি মুহূর্তেই সে তার প্রিয় কাজলা দিদির জন্য অপেক্ষায় থাকে । তার দিদি কোথায় গেছে, কেন আসে না তা জানতে চায় মায়ের কাছে । দিদি ওপারে চলে গিয়েছে জানতে পেলে ছোট মেয়ে আরও বেশি কষ্ট পাবে তাই মা উত্তর দিতে পারেন না । মুখ লুকিয়ে কাঁদেন ।